

বিসিএস নির্বাচনের প্রার্থী পরিচিতি সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) এর ২০২২-২৪ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটি নির্বাচনের প্রার্থী পরিচিতি সভা শনিবার বিকেল ৩.৩০টায় বিসিএস ইনোভেশন সেন্টারে অনুষ্ঠিত হয়। নির্বাচন বোর্ড আয়োজিত এই সভায় প্রার্থীরা নিজেদের নির্বাচনী ইশতেহার ভোটারদের সামনে উপস্থাপন করেন।

নির্বাচন বোর্ডের চেয়ারম্যান শাফকাত হায়দার, সদস্য খন্দকার আতিক-ই-রব্বানি এবং শেখ কবীর আহমেদের উপস্থিতিতে প্রার্থী পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

বিসিএস এর ২০২২-২৪ নির্বাচনে কার্যনির্বাহী কমিটিতে 'সমমনা' প্যানেলে স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ জাহিরুল ইসলাম এবং 'মেস্বারস ভয়েস' প্যানেলে সি এন্ড সি ট্রেড ইন্টারন্যাশনালের স্বত্বাধিকারী ইঞ্জি. সুরত সরকার নেতৃত্ব দিচ্ছেন। নিজ নিজ প্যানেলের পক্ষে তারা নির্বাচনী ইশতেহার ঘোষণা করেন।

'সমমনা' প্যানেলে সদস্যরা হলেন, স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ জাহিরুল ইসলাম, কম্পিউটার সিটি টেকনোলজিস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মুহাম্মদ মনিরুল ইসলাম, কম্পিউটার পয়েন্ট এর স্বত্বাধিকারী ইউসুফ আলী শামীম, অরিয়েন্ট কম্পিউটার্স এর স্বত্বাধিকারী মো. জাবেদুর রহমান শাহীন, পেরিননিয়েল ইন্টারন্যাশনাল এর প্রধান নির্বাহী মোজাহের ইমাম চৌধুরী (পিনু), স্পিড টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং লি. এর চেয়ারম্যান মোশারফ হোসেন সুমন এবং ওয়েলকিন কম্পিউটার্স এর স্বত্বাধিকারী মো. নজরুল ইসলাম হাজারী।

'মেস্বারস ভয়েস' প্যানেলের সদস্যরা হলেন, সি এন্ড সি ট্রেড ইন্টারন্যাশনালের স্বত্বাধিকারী ইঞ্জি. সুরত সরকার, গোল্ডেন ট্রেড ইন্টারন্যাশনাল বিডি এর স্বত্বাধিকারী মোহাম্মদ নজরুল ইসলাম হেলালী, মাইক্রোসান সিস্টেমস স্বত্বাধিকারী এস.এম ওয়াহিদুজ্জামান, পিসি গার্ডেন এর স্বত্বাধিকারী মো. আহসানুল ইসলাম, সাউথ বাংলা কম্পিউটারের স্বত্বাধিকারী মো. কামরুজ্জামান ভূঁইয়া, স্টারটেক অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড এর চেয়ারম্যান মো. রাশেদ আলী ভূঁঞা এবং টেক হিলের স্বত্বাধিকারী মোহাম্মদ মোস্তাফিজুর রহমান।

এছাড়াও প্রার্থী পরিচিতি সভায় আটটি শাখা কমিটির (বরিশাল, কুমিল্লা, চট্টগ্রাম, যশোর, খুলনা, ময়মনসিংহ, রাজশাহী এবং সিলেট) নির্বাচনের প্রার্থীগণ অনলাইনে যুক্ত হয়ে তাদের নির্বাচনী ইশতেহার ঘোষণা করেন।

নির্বাচনী তফসিল অনুসারে, ১৬ মার্চ বুধবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত রাজধানীর কৃষি ইনস্টিটিউট অব বাংলাদেশ (কেআইবি) এর মিলনায়তনে ২০২২-২৪ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। একই দিনে নির্বাচিত প্রার্থীদের মধ্যে পদ বন্টনের নির্বাচনও অনুষ্ঠিত হবে।